

মানবিক

বর্তমান বাংলাদেশের উচ্চ শিক্ষার অন্যতম একটি ধারা হচ্ছে 'মানবিক শাখা'। বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ বর্তমান প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি এবং দেশের নেতৃত্বস্থানীয় অধিকাংশ ব্যক্তিবর্গ মানবিক শাখায় স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন, এ শাখায় সামগ্রিকভাবে ইতিহাস-ঐতিহ্য, রাষ্ট্রচিন্তা-দর্শন, রাজনীতি, আন্তর্জাতিক সম্পর্ক, ধর্ম ও সংস্কৃতি, আইন ও বিচারসহ বিভিন্ন বিষয়াবলী অন্তর্ভুক্ত। বিশ্ববিদ্যালয় পর্যায়ে মানবিক শাখার একজন শিক্ষার্থী কলা অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয় নিয়ে উচ্চতর ডিগ্রি লাভ করতে পারে। বি.সি.এস সহ দেশের যে কোনো প্রথম শ্রেণীর চাকরি পাওয়ার সুযোগ রয়েছে। আধুনিক শিক্ষা ব্যবস্থার সাথে সামঞ্জস্য করে বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজের কলেজ পর্যায়ে 'মানবিক শাখায়' বর্তমানে ১০০ টি আসন রাখা হয়েছে। আবশ্যিক বিষয়গুলোর পাশাপাশি ইসলামের ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, ভূগোল ও পরিসংখ্যান বিষয়গুলো নির্বাচন করার সুযোগ রয়েছে যা শিক্ষার্থীদেরকে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ভালো বিষয় পেতে সাহায্য করবে।